# সহীহ ফিক্বহুস সুন্নাহ

বিভাগ/অধ্যায়ঃ ইসতিনজা

রচয়িতা/সঙ্কলকঃ আবূ মালিক কামাল বিন আস-সাইয়্যিদ সালিম

হাড্ডি ও গোবর দ্বারা ইসতিনজা করা বৈধ নয়

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ ﷺ: لَا تَسْتَنْجُوا بِالرَّوْثِ، وَلَا بِالْعِظَامِ، فَإِنَّهُ زَادُ إِخْوَانِكُمْ مِنَ الْجِنِّ

আবদুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল (ﷺ) বলেছেন: তোমরা গোবর ও হাড্ডি দ্বারা ইসতিনজা করো না। কেননা তা তোমাদের ভাই জিনদের খাবার।[1]

عن عَبْدَ اللَّهِ ابن مسعود قال: أَتَى النَّبِيُّ ﷺ الغَائِطَ فَأَمَرَنِي أَنْ آتِيَهُ بِثَلاَثَةِ أَحْجَارٍ، فَوَجَدْتُ حَجَرَيْنِ، وَالتَمَسْتُ الثَّالِثَ فَلَمْ أَجِدْهُ، فَأَخَذْتُ رَوْثَةً فَأَتَيْتُهُ بِهَا، فَأَخَذَ الحَجَرَيْنِ وَأَلْقَى الرَّوْثَةَ وَقَالَ: هَذَا رِكْسٌ

আবদুল্াহ ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন: নাবী (ﷺ) একবার শৌচ কাজে যাবার সময় তিনটি পাথর কুড়িয়ে দিতে আমাকে আদেশ দিলেন। তখন আমি দু'টি পাথর পেলাম এবং তৃতীয়টির জন্য খোঁজাখুঁজি করলাম কিন্তু পেলাম না। তাই এক খণ্ড শুকনো গোবর নিয়ে তার কাছে গেলাম। তিনি পাথর দু‘টি নিলেন এবং গোবর খণ্ড ফেলে দিয়ে বললেন, এটা অপবিত্র।[2]

ফুটনোট

[1] সহীহ ; মুসলিম (৬৮২), তিরমিযী হা/১৮; আহমাদ ১/৪৩৬।

[2] বুখারী হা/ ১৫৬; প্রভৃতি। এ হাদীস পূর্বে উল্লেখ হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3151

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন